গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
সদরপুর, ফরিদপুর
www.dss.sadarpur.faridpur.gov.bd

নম্বর: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০০৫.২৬- 68 তারিখ: ২০ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৫ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়: ২০২৫-২৬ অর্থবছরে বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা গ্রহণেচ্ছু উপকারভোগীর প্রাথমিক অগ্রাধিকার তালিকা প্রেরণ;**
সূত্র: পরিচালক সামাজিক নিরাপত্তা অধিশাখা মহোদয়ের ২৬/০২/২০২৬ খ্রি. তারিখের ২২১,২২৩ ও ২২৪ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২৬ অর্থবছরে বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতা গ্রহণেচ্ছু আবেদনকারীর বিপরীতে সমাজসেবা অধিদপ্তর হতে অতিরিক্ত বরাদ্দ পাওয়া যায়। সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির ভাতা বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটির বিগত সভার সিদ্ধান্ত, সমাজসেবা অধিদপ্তরের ভাতা বিতরণ নির্দেশনা, অর্থমন্ত্রণালয়ের পরিপত্র এবং ভাতা বিতরণ সংশ্লিষ্ট নীতিমালায় বর্ণিত মানদণ্ড অনুসরণপূর্বক ভাতাগ্রহণেচ্ছু আবেদনকারীদের যাচাই-বাছাই পূর্বক প্রাথমিক অগ্রাধিকার তালিকা প্রণয়ন আবশ্যক।

**০২। উপকারভোগীর প্রাথমিক তালিকা প্রস্তুতে নিম্নবর্ণিত বিষয়গুলো যথাযথভাবে অনুসরণ করা আবশ্যক-**

**ক)** ২০২৫-২৬ অর্থবছরের অনলাইনে আবেদনকারীদের মধ্য হতে উন্মুক্তভাবে যাচাই-বাছাই পূর্বক তালিকা করতে হবে;
**খ)** ভাতা-বিতরণ নীতিমালায় উপকারভোগী নির্বাচন সংক্রান্ত (যোগ্যতা/অযোগ্যতা) মানদণ্ড যথাযথভাবে অনুসরণ করতে হবে;
**গ)** অর্থমন্ত্রণালয়ের পরিপত্র অনুসারে নির্বাচিত উপকারভোগীর জাতীয় পরিচয়পত্র দ্বারা নিবন্ধিত সক্রিয় হিসেব থাকতে হবে;
**ঘ)** পরিবারের সদস্যদের বাল্যবিবাহ দেওয়া হয়েছে এমন আবেদনকারী ব্যক্তি/পরিবারকে নির্বাচন করা যাবেনা;
**ঙ)** অনলাইনে আবেদনকারীদের মধ্যে ভাতা গ্রহণেরযোগ্য ব্যক্তির সংখ্যা বরাদ্দের চেয়ে বেশি হলে অতিরিক্ত **আবেদনকারীদের জন্য অপেক্ষমাণ** তালিকা প্রস্তুত করতে হবে; যাদেরকে মৃত বা অন্যান্য কারণে শূন্য হলে প্রতিস্থাপনের মাধ্যমে ভাতা প্রদান করতে হবে;
**চ)** মাননীয় জাতীয় সংসদ সদস্য-২১৪, ফরিদপুর-৪ এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের প্রতিনিধিদের উপস্থিতিতে উন্মুক্ত পদ্ধতিতে নীতিমালা অনুসারে Proxy Mean Test (PMT) স্কোর অনুসারে ভাতা প্রদান করতে হবে;

**০৩।** উপকারভোগী বাছাইয়ের পূর্বে আবশ্যিকভাবে বাছাইয়ের সিডিউল লিখিতভাবে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমাজসেবা অফিসারকে জানাতে হবে ও সমগ্র ইউনিয়নে মাইকিং করে ব্যাপক প্রচারের ব্যবস্থা করতে হবে; উন্মুক্ত বাছাইয়ে উপজেলা কমিটির সদস্যগণ পর্যবেক্ষক হিসেবে উপস্থিত থাকবেন।

**০৪।** অনলাইন সফটওয়্যারে অপেক্ষমাণ আবেদনকারীদের মধ্যে **ভাতাপ্রাপ্তির উপযুক্ত আবেদনকারীদের প্রাথমিক তালিকা 'সংলাগ-গ'** এবং **ভাতাপ্রাপ্তির অনুপযুক্ত আবেদনকারীদের তালিকা 'সংলাগ-ঘ'** আকারে যাচাই-বাছাই সাপেক্ষে **ইউনিয়ন বাছাই কমিটির** সভার কার্যবিবরণী সহ পৃথক/স্বতন্ত্র তালিকা **আগামী ৩০শে মার্চ ২০২৬** তারিখের মধ্যে উপজেলা ভাতাবিতরণ কমিটি'র সদস্য-সচিব বরাবর (এ কার্যালয়ে) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি:
০১। অনলাইনে আবেদনকারী তালিকা বাছাইয়ের দিন সংশ্লিষ্ট ইউনিয়ন সমাজকর্মীর নিকট পাওয়া যাবে;
০২। বরাদ্দ পত্র ও ভাতাবিতরণ সংশ্লিষ্ট নীতিমালা-০৩ সেট
০৩। ভাতা বিতরণ সংক্রান্ত উপজেলা কমিটির সভার কার্যবিবরণী-০৫ ফর্দ

05/03/2026

কাজী শামীম আহমেদ
উপজেলা সমাজসেবা অফিসার
ফোন: ০২-৪৭৭৭৯৮১১১
E-mail: usso.sadarpur@dss.gov.bd

**চেয়ারম্যান**
**আকোটেরচর, ভাষাণচর, চরবিষ্ণুপুর, কৃষ্ণপুর, ঢেউখালী**
**চরনাসিরপুর, চরমানাইর, সদরপুর, নারকেলবাড়িয়া**
**ইউনিয়ন পরিষদ, সদরপুর, ফরিদপুর।**

**সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**
০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-২১৪, ফরিদপুর-০৪, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক, (সামাজিক নিরাপত্তা অধিশাখা) সমাজসেবা অধিদপ্তর, আগারগাও, ঢাকা।
০৩। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হুমায়ূন রোড, মোহাম্মদপুর, ঢাকা।
০৪। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফরিদপুর।
০৫। প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার সদরপুর, ফরিদপুর।
০৬। অফিস কপি।

CamScanner

# ভাতাবিতরণ নীতিমালায় বর্ণিত মানদন্ড (যোগ্যতা/অযোগ্যতা)

উপজেলা কমিটির বিগত সভার সিদ্ধান্ত ও সমাজসেবা অধিদপ্তরের পত্র নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক ভাতাগ্রহণেচ্ছু আবেদনকারীদের (অনলাইনে) নীতিমালায় বর্ণিত যোগ্যতা-অযোগ্যতা সংশ্লিষ্ট মানদন্ড অনুসরণ করে সরেজমিন যাচাই-বাছাই আবশ্যক বিবেচনায় নিম্নবর্ণিত বিষয়গুলো পর্যালোচনা করা আবশ্যক;

**ক)** অত্র ইউনিয়নের স্থায়ী বাসিন্দা কিনা? এবং তিনি জীবিত কিনা?

**খ)** সরকারি কর্মচারী হিসেবে পেনশনধারী কিনা?

**গ)** ভিজিডি কার্ডধারী ও পুনঃবিবাহে আবদ্ধ কিনা? (বিধবা)

**ঘ)** নিয়মিত সরকারি/বেসরকারি অনুদানপ্রাপ্ত কিনা?

**ঙ)** অন্য কোন সরকারি দপ্তরের অনুদানপ্রাপ্ত কিনা?

**চ)** বয়স্ক ভাতায় পুরুষ-৬৫ বছর / নারী-৬২ বছর বয়স্ক কিনা?

**ছ)** বিধবা ভাতায় ১৮ বছর উর্ধ্ব কিনা? স্বামী নিগৃহিতা হলে স্বামী কর্তৃক তালাকপ্রাপ্ত বা অন্য যে কোন কারনে অন্তত ০২ (দুই) বছর যাবৎ স্বামীর ভরণপোষণবঞ্চিত ও যোগাযোগ বিচ্ছিন্ন কিনা?

**জ)** বয়স্ক ভাতায় বার্ষিক গড় আয় -১০০০০/- এর নিচে কিনা?

**ঝ)** বিধবা ভাতায় বার্ষিক গড় আয় ১৫০০০/- এর নিচে কিনা?

**ঞ)** জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ আছে কিনা?

**ট)** আবেদনকারীর নিজস্ব জাতীয় পরিচয় পত্রের বিপরীতে সক্রিয় ব্যাংক হিসেব চালু আছে কিনা? [অর্থমন্ত্রণালয়ের পরিপত্রে এটি বাধ্যতামূলক করা হয়েছে]

**ঠ)** পরিবারের কেউ বাল্য বিবাহে আবদ্ধ কিনা?

| ক্রম | ইউনিয়ন | বয়স্ক | প্রাপ্ত বরাদ্দ | বিধবা | প্রাপ্ত বরাদ্দ | প্রতিবন্ধী | প্রাপ্ত বরাদ্দ | মোট | প্রাপ্ত বরাদ্দ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ভাষানচর | ৭৫৯ | ৩০ | ৪৭১ | ৩৩ | ২৩ | ২৩ | ১২৫৩ | ৮৬ |
| ২ | চর বিষ্ণুপুর | ৫৩০ | ২০ | ৩৮৪ | ২৭ | ৩৮ | ৩৮ | ৯৫২ | ৮৫ |
| ৩ | চর মানাইর | ৩২৮ | ১৫ | ১৬৬ | ১২ | ২৪ | ২৪ | ৫১৭ | ৫১ |
| ৪ | চর নাসিরপুর | ২৯৩ | ১২ | ১২৬ | ০৯ | ২৪ | ২৪ | ৪৪৩ | ৪৫ |
| ৫ | সদরপুর | ৪৪৯ | ২১ | ৫৪৪ | ৩৯ | ৩৫ | ৩৫ | ১০২৭ | ৯৫ |
| ৬ | কৃষ্ণপুর | ৭০২ | ২৫ | ৬৪২ | ৪৫ | ৪৮ | ৪৮ | ১৩৯২ | ১১৮ |
| ৭ | ঢেউখালী | ৬৭৫ | ২৫ | ৫৭১ | ৪১ | ৬৪ | ৬৪ | ১৩১০ | ১৩০ |
| ৮ | নারকেলবাড়িয়া | ৮১ | ০৫ | ৪২ | ০৩ | ০৭ | ০৭ | ১৩০ | ১৫ |
| ৯ | আকোটের চর | ৪৬৫ | ১৯ | ৩৪৮ | ২৫ | ২৪ | ২৩ | ৮৩৭ | ৬৭ |
| | সর্বমোট- | ৪২৮২ | ১৭২ | ৩২৯৪ | ২৩৪ | ২৮৭ | ২৮৬ | ৭৮৬১ | ৬৯২ |

০৫/০৬/২০২৪

কাজী শামীম আহমেদ
উপজেলা সমাজসেবা অফিসার
সদরপুর ফরিদপুর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
সদরপুর, ফরিদপুর
www.dss.sadarpur.faridpur.gov.bd

## 'সামাজিক নিরাপত্তা বেস্টনীর, বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী, হিজড়া, অনগ্রসর ভাতা ও শিক্ষা উপবৃত্তি বিতরণ সংক্রান্ত উপজেলা কমিটির সভার কার্যবিবরণী'

| | |
|---|---|
| সভাপতি | : শরীফ শাওন<br>উপজেলা নির্বাহী অফিসার, সদরপুর, ফরিদপুর। |
| স্থান | : উপজেলা পরিষদ সভা কক্ষ |
| সময় | : বেলা ১২.৩০ ঘটিকা |
| সভা অনুষ্ঠানের তারিখ | : ৩০/১২/২০২৫খ্রি. |
| উপস্থিতি | : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য। [কমিটির সদস্যবৃন্দ] |

### সভায় আলোচনা ও সিদ্ধান্তসমূহ

অদ্য সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভার শুরুতেই কমিটির সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর জানান যে, পরিচালক (সামাজিক নিরাপত্তা অধিশাখা) সমাজসেবা অধিদপ্তর মহোদয়ের স্মারক: ৯৪৪ তারিখ: ১২/১০/২০২৫ খ্রি. মোতাবেক অত্র উপজেলায় সামাজিক নিরাপত্তা বেষ্টনীর বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা, বেদে ও হিজড়া জনগোষ্ঠীর ভাতা এবং উপবৃত্তির অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণ, উপকারভোগী নির্বাচন ও ভাতা বিতরণের নির্দেশনা পাওয়া যায়। তৎপ্রেক্ষিতে উপজেলা সমাজসেবা কার্যালয়ের স্মারক: ৪১৬ তারিখ: ১৬/১০/২০২৫ খ্রি. মোতাবেক সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের পত্র প্রেরণ করা হয় এবং সমাজসেবা অধিদপ্তরের ভাতা আবেদনের সফটওয়্যারের অনলাইন সার্ভার dss.bhata.gov.bd/online-application লিংকে সকল ভাতার আবেদন গ্রহণ করা হয়। উক্ত আবেদনের বিষয়সহ নিম্নবর্ণিত সূচি মোতাবেক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, অর্থবিভাগের বাজেট অনুবিভাগের স্মারক: ১৫১ তারিখ: ৫ই অক্টোবর ২০২৫ তারিখের পত্র মোতাবেক সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সামাজিক নিরাপত্তা বেস্টনীর উপকারভোগীদের নিজস্ব NID (জাতীয় পরিচয়পত্র) দ্বারা নিবন্ধিত SIM (সীম) এ খোলা মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (MFS) একাউন্টে জিটুপি পদ্ধতিতে নগদ আর্থিক সহায়তা প্রেরণ সংক্রান্ত অর্থমন্ত্রণালোয়ের ১লা এপ্রিল ২০২৪ তারিখের স্মারক: ৫২ সংখ্যক পরিপত্র ৩১ শে ডিসেম্বর' ২০২৫ পর্যন্ত শিথিল করা হয়েছে। অর্থাৎ উপকারভোগীর নিজস্ব জাতীয় পরিচয়পত্র দ্বারা নিবন্ধিত সীম-এ ব্যাংক/মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসের হিসেব চালু না থাকলে ১লা জানুয়ারি ২০২৬ খ্রি. তারিখ হতে বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ভাতাসহ বিভিন্ন প্রকার ভাতা বিতরণে অর্থ মন্ত্রণালয়ের আইবাস++ এ পে-রোল প্রেরণ বন্ধ হয়ে যেতে পারে। ফলে অত্র উপজেলার ভাতাভোগীদের ভাতা সচল রাখতে নিজস্ব জাতীয় পরিচয়পত্র দ্বারা ব্যাংক হিসেব চালু রাখতে হবে। যাদের নিজস্ব NID দ্বারা নিবন্ধিত হিসেব চালু নেই তাঁদের অনতিবিলম্বে NID দ্বারা হিসেব চালু পূর্বক উপজেলা সমাজসেবা অফিসের নির্ধারিত ফরমে আবেদনপূর্বক পূর্বের ব্যাংক/ওয়ালেট হিসেব পরিবর্তন ও সফটওয়্যারে নতুন হিসেব হালনাগাদ করা আবশ্যক। সভায় সংশ্লিষ্ট সকল চেয়ারম্যান ও ইউনিয়ন ভাতা বিতরণ কমিটির সভাপতিদের ত্বরিত পদক্ষেপ গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ০১। ভাতাভোগীদের ভাতা সচল রাখতে নিজস্ব জাতীয় পরিচয়পত্র দ্বারা ব্যাংক হিসেব নিবন্ধন করতে হবে। যাদের নিজস্ব NID দ্বারা নিবন্ধিত হিসেব চালু নেই তাঁদের অনতিবিলম্বে NID দ্বারা হিসেব চালু পূর্বক উপজেলা সমাজসেবা অফিসের নির্ধারিত ফরমে আবেদনপূর্বক পূর্বের ব্যাংক /ওয়ালেট হিসেব পরিবর্তন ও সফটওয়্যারে নতুন হিসেব হালনাগাদ করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল ইউনিয়নের উপকারভোগীদের তথ্য গুলো জানাতে ব্যাপক প্রচার-প্রচারণা ও কার্যকরী পদক্ষেপ গ্রহণের নিমিত্ত ইউনিয়ন চেয়ারম্যানদের জোর ভূমিকা পালনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ সদরপুর, ফরিদপুর। |

<table>
<tr>
<td>০২</td>
<td>সমাজসেবা অধিদপ্তরের স্মারক: ৯৪৪ তারিখ: ১২/১০/২০২৫ খ্রি. নির্দেশনা মোতাবেক জিটুপি পদ্ধতিতে ভাতা প্রদানের লক্ষ্যে ২০২৫-২৬ অর্থবছরে অনলাইনে আবেদন আহ্বান করা হয় এবং সে প্রেক্ষিতে অত্র উপজেলায় বিগত ২০২৩, ২০২৪ সালের অপেক্ষমাণ আবেদনকারীদের পাশাপাশি ২০২৫-২৬ অর্থবছরে সকল ক্যাটাগরিতে নিম্নবর্ণিত ছক মোতাবেক ইউনিয়ন ভিত্তিক ভাতাগ্রহণেচ্ছু আবেদনকারীগণ অপেক্ষমাণ রয়েছেন। চলতি অর্থবছরে অদ্যাবধি কোন বরাদ্দ পাওয়া যায়নি।
<table>
<tr><th>ক্রম</th><th>ইউনিয়ন</th><th>বয়স্ক</th><th>বিধবা</th><th>প্রতিবন্ধী</th><th>মোট</th></tr>
<tr><td>১</td><td>ভাষানচর</td><td>৭৫৯</td><td>৪৭১</td><td>২৩</td><td>১২৫৩</td></tr>
<tr><td>২</td><td>চর বিষ্ণুপুর</td><td>৫৩০</td><td>৩৮৪</td><td>৩৮</td><td>৯৫২</td></tr>
<tr><td>৩</td><td>চর মানাইর</td><td>৩২৮</td><td>১৬৬</td><td>২৩</td><td>৫১৭</td></tr>
<tr><td>৪</td><td>চর নাসিরপুর</td><td>২৯৩</td><td>১২৬</td><td>২৪</td><td>৪৪৩</td></tr>
<tr><td>৫</td><td>সদরপুর</td><td>৪৪৯</td><td>৫৪৪</td><td>৩৪</td><td>১০২৭</td></tr>
<tr><td>৬</td><td>কৃষ্ণপুর</td><td>৭০২</td><td>৬৪২</td><td>৪৮</td><td>১৩৯২</td></tr>
<tr><td>৭</td><td>ঢেউখালী</td><td>৬৭৫</td><td>৫৭১</td><td>৬৪</td><td>১৩১০</td></tr>
<tr><td>৮</td><td>নারকেলবাড়িয়া</td><td>৮১</td><td>৪২</td><td>০৭</td><td>১৩০</td></tr>
<tr><td>৯</td><td>আকোটের চর</td><td>৪৬৫</td><td>৩৪৮</td><td>২৪</td><td>৮৩৭</td></tr>
<tr><td></td><td>সর্বমোট-</td><td>৪২৮২</td><td>৩২৯৪</td><td>২৮৫</td><td>৭৮৬১</td></tr>
</table>
২০২৫-২৬ অর্থবছরে অনগ্রসর-৪২, হিজড়া-০১, অনগ্রসর শিক্ষা-০৮, প্রতিবন্ধী শিক্ষা-০২ জন ব্যক্তি ভাতার জন্য অনলাইনে আবেদন করেন। উপজেলায় সর্বমোট- ৭৯১৪ (সাত হাজার নয়শত চৌদ্দ) জনের আবেদন পাওয়া যায়। আবেদনকারী ব্যক্তিদের মধ্য হতে নীতিমালা অনুসারে যাচাই-বাছাই পূর্বক ইউনিয়ন কমিটির মাধ্যমে উপকারভোগী নির্বাচন পূর্বক প্রাথমিক বাছাই তালিকা উপজেলা কমিটি বরাবর প্রেরণ করা আবশ্যক। এছাড়া চলতি অর্থবছরের অতিরিক্ত বরাদ্দ পাওয়া না গেলেও বরাদ্দ প্রাপ্তির বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে ফলে উল্লিখিত আবেদনকারী ব্যক্তিদের মধ্য হতে ভাতা পাওয়ার উপযুক্ত উপকারভোগী নির্বাচনের বিষয়েও সভায় বিস্তারিত আলোচনা হওয়া সমীচীন। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নীতিমালা অনুসারে প্রাথমিকভাবে নির্বাচিত ভাতা বিতরণ করা যেতে পারে।</td>
<td>ভাতা বিতরণ সংশ্লিষ্ট বিদ্যমান সংশোধিত নীতিমালার সংলাগ 'গ' ও সংলাগ 'ঘ' তে ইউনিয়ন কমিটি কর্তৃক আবেদনকারী ভাতাগ্রহণেচ্ছু ব্যক্তিদেরকে নীতিমালায় বর্ণিত মানদন্ড মোতাবেক যাচাই-বাছাই সাপেক্ষে ভাতার জন্য উপযুক্ত তালিকা (সংলাগ-গ) এবং অনুপযুক্ত তালিকা (সংলাগ-ঘ) অনুসারে দুইটি পৃথক তালিকায় উপজেলা কমিটি বরাবর প্রেরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>০১। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ সদরপুর, ফরিদপুর।</td>
</tr>
<tr>
<td>০৩</td>
<td><u>ভাতাবিতরণ নীতিমালায় বর্ণিত মানদন্ড (যোগ্যতা/অযোগ্যতা)</u><br>উপজেলা কমিটির বিগত সভার সিদ্ধান্ত ও সমাজসেবা অধিদপ্তরের পত্র নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক ভাতাগ্রহণেচ্ছু অপেক্ষমাণ আবেদনকারীদের (অনলাইনে) নীতিমালায় বর্ণিত যোগ্যতা-অযোগ্যতা সংশ্লিষ্ট মানদন্ড অনুসরণ করে সরেজমিন যাচাই-বাছাই আবশ্যক বিবেচনায় নিম্নবর্ণিত বিষয়গুলো পর্যালোচনা করা আবশ্যক;<br><br>ক) অত্র ইউনিয়নের স্থায়ী বাসিন্দা কিনা? তিনি জীবিত কিনা?<br>খ) সরকারি কর্মচারী হিসেবে পেনশনধারী কিনা?<br>গ) ভিজিডি কার্ডধারী ও পুনঃবিবাহে আবদ্ধ কিনা? (বিধবা)<br>ঘ) নিয়মিত সরকারি/বেসরকারি অনুদানপ্রাপ্ত কিনা?<br>ঙ) অন্য কোন সরকারি দপ্তরের অনুদানপ্রাপ্ত কিনা?<br>চ) বয়স্ক ভাতায় পুরুষ-৬৫ বছর / নারী-৬২ বছর বয়স্ক কিনা?<br>ছ) বিধবা ভাতায় ১৮ বছর উর্ধ্ব কিনা? স্বামী নিগৃহিতা হলে স্বামী কর্তৃক তালাকপ্রাপ্ত বা অন্য যে কোন কারনে অন্তত ০২ (দুই) বছর যাবৎ স্বামীর ভরণপোষণবঞ্চিত ও যোগাযোগ বিচ্ছিন্ন কিনা?</td>
<td>উন্মুক্ত মাঠে ইউনিয়ন কমিটি কর্তৃক নীতিমালার আলোকে সরেজমিন যাচাই-বাছাই পূর্বক প্রাথমিক তালিকা (সংলাগ-গ) তে সংশ্লিষ্ট ইউনিয়নের ভাতা প্রাপ্তির উপযুক্ত সকল অপেক্ষমাণ আবেদনকারীকে তালিকায় রেখে কমিটির সদস্যদের স্বাক্ষরিত তালিকা উপজেলা ভাতা বাস্তবায়ন কমিটি বরাবর প্রেরণ এবং উপজেলা কমিটি কর্তৃক যাচাই সাপেক্ষে বরাদ্দ অনুসারে ওয়ার্ড ভিত্তিক আবেদনকারীর সংখ্যা অনুপাতে নির্বাচিতদের ভাতা প্রদান ও অবশিষ্ট আবেদনকারীদের অপেক্ষমাণ</td>
<td>০১। উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর।<br><br>০২। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ সদরপুর, ফরিদপুর।</td>
</tr>
</table>

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | জ) বয়স্ক ভাতায় বার্ষিক গড় আয় -১০০০০/- এর নিচে কিনা?<br>ঝ) বিধবা ভাতায় বার্ষিক গড় আয় ১৫০০০/- এর নিচে কিনা?<br>ঞ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ আছে কিনা?<br>ট) আবেদনকারীর নিজস্ব জাতীয় পরিচয় পত্রের বিপরীতে সক্রিয় হিসেব চালু আছে কিনা? [অর্থমন্ত্রণালয়ের পরিপত্রে এটি বাধ্যতামূলক করা হয়েছে]<br>ঠ) পরিবারের কেউ বাল্য বিবাহে আবদ্ধ কিনা?<br><br>উল্লিখিত শর্তাবলী ও মানদন্ড অনুসরণপূর্বক উপকারভোগী যাচাই-বাছাই পূর্বক ইউনিয়ন বাছাই কমিটি (সভাপতি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান) প্রাথমিক তালিকা সুপারিশকৃত তালিকা অনুমোদনের জন্য উপজেলা কমিটি বরাবর প্রেরণের আবশ্যকতা রয়েছে। উপজেলা কমিটি উক্ত তালিকা পুনঃযাচাই, বাতিল, সংশোধন, পরিবর্তন (প্রযোজ্যক্ষেত্রে) সাপেক্ষে চূড়ান্ত তালিকা অনুমোদন করার এখতিয়ার রাখেন। অতঃপর মৃত, নিরুদ্দেশ পুনঃবিবাহে আবদ্ধ বিধবা ব্যক্তিদের মাঝে প্রযোজ্যক্ষেত্রে বর্ণিত উপজেলা কমিটি কর্তৃক অনুমোদিত অপেক্ষমান তালিকা হতে অগ্রাধিকার ভিত্তিতে ভাতা প্রদানে বিস্তারিত আলোচনা হয়। | তালিকায় অনুমোদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। মৃতজনিত ও ২০২৫-২৬ অর্থবছরে লাইভ ভ্যারিফিকেশনে অনুপস্থিতি ও অন্যান্য কারণে নীতিমালার আলোকে প্রতিস্থাপনের ক্ষেত্রে উপকারভোগী নির্বাচনে অনুমোদিত অপেক্ষমাণ তালিকা হতে অগ্রাধিকারক্রমে ভাতা প্রদানের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৪ | সভায় সদস্য সচিব জানান, ভাতা বর্তমানে জিটুপি পদ্ধতিতে অনলাইনে সরাসরি গ্রাহকের ব্যাংক/মোবাইল ফিন্যান্সিয়াল ওয়ালেটে আইবাসের মাধ্যমে বিতরণ করা হয়। অনলাইনে আবেদনকারী ব্যক্তিগণ অনেকক্ষেত্রে আবেদনের কপি উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা সমাজসেবা অফিসার বরাবর দাখিল করেন। বিগত বছরের মত এবারও, চলতি অর্থবছরের অনলাইনে আবেদনকারী ব্যক্তিদের উন্মুক্ত পদ্ধতিতে মাইকিং করে ব্যাপক প্রচার-প্রচারণার মাধ্যমে সরেজমিন নীতিমালার আলোকে যাচাই- বাছাই কার্যক্রমে ইউনিয়ন কমিটির সকলসদস্য ছাড়াও উপজেলা কমিটির সভাপতি ও সদস্য-সচিবকে লিখিত পত্র মারফত বাছাইয়ের তারিখ অবহিত করা ও তাঁদের উপস্থিতির ব্যবস্থা গ্রহণ আবশ্যক। এছাড়া উপজেলা পর্যায়ে আবেদন দাখিলকারী ব্যক্তিদের আবেদনগুলো (সফট কপি, এক্সেল শিট এবং হার্ড কপি প্রিন্টেড) ইউনিয়ন কমিটিতে প্রেরণ করা হয়েছে বিধায় ভাতার আবেদনকারী সকলকে সরাসরি ইউনিয়ন কমিটির মাধ্যমে যাচাই-বাছাই পূর্বক সম্পূর্ণ নির্মোহভাবে সতর্কতার সহিত প্রাথমিক সুপারিশকৃত তালিকা প্রস্তুতের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা কমিটির সভাপতি/ সদস্য-সচিককে পত্র মারফত অবহিতপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়নে উন্মুক্ত বাছাইয়ের সিডিউল প্রস্তুত ও সে মোতাবেক ব্যাপক প্রচারের মাধ্যমে জনসম্মুখে নীতিমালার আলোকে উপকারভোগী বাছাই ও প্রয়োজনে উপজেলা কমিটির সভাপতি/ সদস্য-সচিবের উপস্থিতি নিশ্চিতকরণে যথাপ্রয়োজন ব্যবস্থা গ্রহণে সকল ইউনিয়ন চেয়ারম্যানদের দায়িত্ব প্রদানে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ সদরপুর, ফরিদপুর। |
| ০৫ | উপকারভোগী প্রতিস্থাপনের ক্ষেত্রে নীতিমালায় বর্ণিত মৃত/ নিরুদ্দেশ ও পুনঃবিবাহে আবদ্ধ বিধবা উপকারভোগীদের তালিকা যথাযথভাবে শনাক্ত করা আবশ্যক। লাইভ ভ্যারিফিকেশন ও সরেজমিন বাছাই সাপেক্ষে মৃত সনদ সহ প্রতিস্থাপনের সুপারিশ উপজেলা কমিটি বরাবর প্রেরণ করা যেতে পারে। এছাড়া মৃত ব্যক্তিদের জাতীয় পরিচয় পত্র নম্বর উপজেলা নির্বাচন অফিসে সংরক্ষণ করা হয়। অত্র উপজেলায় মৃত নাগরিকদের হালনাগাদ জাতীয় পরিচয়পত্রের তালিকা বা নম্বর উপজেলা নির্বাচন অফিস হতে পাওয়া গেলে, উক্ত তালিকায় সামাজিক নিরাপত্তা বেষ্টনীর কেউ ভাতাভোগী থাকলে তাঁকে প্রতিস্থাপনপূর্বক অপেক্ষমান ব্যক্তিদের মধ্য হতে অগ্রাধিকার বা সুপারিশপ্রাপ্ত ব্যক্তিদের মধ্য হতে নতুন ভাতার আওতায় নিয়ে আসা সম্ভব। সভায় উপজেলা নির্বাচন অফিস হতে মৃত ভোটার তালিকা সংগ্রহের বিষয়ে আলোচনা হয়। ইতোমধ্যে বিভিন্ন ইউনিয়ন পরিষদ হতে আগত | ০১। উপজেলা নির্বাচন অফিস হতে মৃত ভোটার তালিকা/ ব্যক্তিদের NID নম্বর সংগ্রহ পূর্বক সামাজিক নিরাপত্তার উপকারভোগী কেউ উক্ত তালিকায় থাকলে নীতিমালা অনুসারে তাঁকে প্রতিস্থাপনপূর্বক অপেক্ষমাণ তালিকার ব্যক্তিদের মধ্য হতে ভাতা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া ইতোমধ্যে ইউনিয়ন পরিষদ হতে প্রাপ্ত মৃত ব্যক্তিদের স্থলে প্রতিস্থাপনের সুপারিশ অনুসারে পরিশিষ্ট-খ | ০১। উপজেলা নির্বাচন অফিসার, সদরপুর, ফরিদপুর<br><br>০২। উপজেলা সমাজসেবা অফিসার, সদরপুর, ফরিদপুর |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | মৃতসনদ সহ প্রতিস্থাপনের সুপারিশ ও প্রতিস্থাপিত ব্যক্তিদের আবেদন গুলো নিষ্পত্তির বিষয়েও সভায় বিস্তারিত আলোচনা হয়। | ভাতা বিতরণের নিমিত্ত অনুমোদন করা হয়। | |
| ০৬ | সমাজকল্যাণ মন্ত্রণালয়ের জিটুপি পর্যালোচনা সভার স্মারক: ৩৭৮ তারিখ: ২৮/০৮/২০২৫ খ্রি. তারিখের ১নং সিদ্ধান্ত মোতাবেক অর্থবিভাগের Ibas++ এর সাথে API স্থাপনকারী MFS প্রতিষ্ঠান (নগদ, বিকাশ, রকেট ও উপায়) এবং সংশ্লিষ্ট ব্যাংকের মাধ্যমে সুবিধাভোগীদের নগদ অর্থ বিতরণ করার সিদ্ধান্ত থাকে এবং সমাজসেবা অধিদপ্তরের স্মারক: ১১৯২ তারিখ: ২১/১২/২০২৫ খ্রি. মোতাবেক ইসলামী ব্যাংকের mCash ওয়ালেটেও ভাতা বিতরণের ব্যবস্থা রয়েছে মর্মে জানা যায়। ফলে অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সামাজিক নিরাপত্তা বেষ্টনীর উপকারভোগীগণ তাঁদের চাহিদা ও পছন্দ মোতাবেক পেমেন্ট মেথড ব্যবহার করে ভাতা গ্রহণ করতে পারবেন। অর্থাৎ পূর্বের ন্যায় কেবলমাত্র বিকাশ ওয়ালেটই একমাত্র মাধ্যম হিসেবে ব্যবহারের আবশ্যকতা নেই। ফলে ভাতাভোগী চাইলে তাঁর বিকাশ একাউন্টের পরিবর্তে উল্লিখিত মোবাইল ফিন্যান্সিয়াল ওয়ালেট হিসেবেও ভাতা গ্রহণ করতে পারবেন। তবে শর্ত থাকে যে ভাতাভোগীর নিজস্ব জাতীয় পরিচয়পত্র দ্বারা নিবন্ধিত সীমে সক্রিয় ওয়ালেট হিসেব বাধ্যতামূলক। সভায় আলোচনা করা হয়। | সমাজসেবা অধিদপ্তরের সফটওয়্যারের সাথে API স্থাপনকারী MFS প্রতিষ্ঠান mCash, নগদ, বিকাশ, রকেট ও উপায় ছাড়াও সরাসরি ব্যাংকিং চ্যানেলে সোনালী, এন আর বি কমার্শিয়াল, মধুমতি ও ব্যাংক এশিয়া'র হিসেব চালু থাকলে উল্লিখিত মাধ্যমে উপকারভোগীগণ ভাতার অর্থ গ্রহণ করতে পারবেন বিধায় এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে ব্যাপক প্রচার ও অবহিত করার সিদ্ধান্ত গ্রহীত হয়। | ০১। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ সদরপুর, ফরিদপুর। |
| ০৭ | অনগ্রসর শিক্ষা উপবৃত্তি সমার্পণ: উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে অত্র উপজেলায় অনগ্রসর শিক্ষা উপবৃত্তি খাতে ৩৬ জন উপকারভোগী রয়েছেন। অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন "সমন্বিত নীতিমালা ২০২৫" এর ১৫.২ অনুচ্ছেদে বর্ণিত বিধানমতে অত্র উপজেলায় ৩১ (একত্রিশ) জন উপকারভোগী স্তর পরিবর্তন, নিরুদ্দেশ জনিত এবং পড়ালেখা বন্ধ (স্কুলে গমণ না করা) কারণে ভাতা বা শিক্ষা উপবৃত্তি বন্ধ করা আবশ্যক। তবে চলতি অর্থবছরে নতুন ০৮ টি আবেদন পাওয়া যায় বিধায় উক্ত আটটি আবেদন নিষ্পত্তির লক্ষ্যে সেগুলো বহাল রেখে অবশিষ্ট ২৩ (তেইশ) টি বরাদ্দ সমার্পণ করা প্রয়োজন। সভায় উপর্যুক্ত উপকারভোগী না থাকায় উক্ত বরাদ্দ সমার্পণের প্রস্তাবে বিস্তারিত আলোচনা হয়। | অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন "সমন্বিত নীতিমালা ২০২৫" এর ১৫.২ অনুচ্ছেদে বর্ণিত বিধানমতে বরাদ্দকৃত সংখ্যার মধ্য উপর্যুক্ত উপকারভোগী না থাকায় ২৩ (তেইশ) জনের বরাদ্দ সমাপর্ণ করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর। |

**সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করা হয়।**

০১/১২/২৫

**(শরীফ শাওন)**
উপজেলা নির্বাহী অফিসার
সদরপুর, ফরিদপুর
ও
**সভাপতি**
সামাজিক নিরাপত্তা বেষ্টনীর ভাতা কর্মসূচি বাস্তবায়ন বিষয়ক উপজেলা কমিটি

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
সদরপুর, ফরিদপুর
dss.sadarpur.faridpurrer.gov.bd

নম্বর: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০০৫.২৫- ৫৭৫

তারিখ: ১৫ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
৩০ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১। পরিচালক (সামাজিক নিরাপত্তা) অধিশাখা, সমাজসেবা অধিদপ্তর, আঁগারগাও ঢাকা।
২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হুমায়ূন রোড, মোহাম্মদপুর, ঢাকা।
৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফরিদপুর।
৪। প্রশাসক উপজেলা পরিষদ সদরপুর ও উপজেলা নির্বাহী অফিসার সদরপুর, ফরিদপুর।
৫। চেয়ারম্যান, ...................................ইউনিয়ন পরিষদ **(সকল)** সদরপুর, ফরিদপুর।
৬। অফিস কপি।

৩০/১২/২০২৫

কাজী শামীম আহমেদ
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য-সচিব
সামাজিক নিরাপত্তা বেষ্টনীর ভাতা
কর্মসূচি বিতরণ সংক্রান্ত উপজেলা কমিটি
**ফোন:** ০২-৪৭৭৭৯৮১১১

CamScanner